**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-11-2024**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Annapurna Devi on Child Marriage :**

কেন্দ্রীয় সরকার 'বাল্য বিবাহ মুক্ত ভারত' নামে একটি জাতীয় প্রচার অভিযান গতকাল থেকে শুরু করেছে। নতুন দিল্লিতে এই প্রচার অভিযানের সূচনা করেন কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী। তিনি গতকাল বাল্য বিবাহ-মুক্ত ভারত পোর্টালও উন্মোচন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, বাল্যবিবাহ প্রতিরোধ, সেই সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি এবং এই ধরনের ঘটনা সম্পর্কে তথ্য দিতে এই প্ল্যাটফর্ম কাজ করবে।

তিনি বলেন, বাল্যবিবাহ শুধু ফৌজদারি অপরাধ নয়, মানবাধিকার লঙ্ঘনও বটে। 'বাল্য বিবাহ মুক্ত ভারত' অভিযান শুধুমাত্র ১০ অথবা ১৫ দিনের কর্মসূচি নয়, বরং একটি বিরতিহীন প্রচেষ্টা যা বাল্যবিবাহের কুফল থেকে ভারতকে মুক্ত না করা পর্যন্ত অব্যাহত থাকবে।

এদিকে, সারা দেশের সঙ্গে রাজ্যেও গতকাল থেকে বাল্যবিবাহ মুক্ত ভারত অভিযান শুরু হয়েছে। এ উপলক্ষ্যে আগরতলায় রাজ্য মহিলা কমিশনের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে চেয়ারপার্সন ঝর্ণা দেব্বর্মা বলেন, বাল্যবিবাহে শিশুদের শিক্ষা, স্বাস্থ্য এবং সুরক্ষার অধিকারের উপর নেতিবাচক প্রভাব পড়ে। অনুষ্ঠানে রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেব্বর্মাও বক্তব্য রাখেন।

*********************

**ঝাড়খন্ড শপথ:**

ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হিসেবে আজ শপথ নিতে চলেছেন হেমন্ত সোরেন । রাঁচীর মোরাবাদী মাঠে বিকাল ৪টায় শপথ গ্রহণ অনুষ্ঠান হবে । ঝারখন্ডের চতুর্দশ মুখ্যমন্ত্রী হিসেবে হেমন্ত সোরেন শপথ নিতে চলেছেন ।সম্প্রতি বিধানসভা নির্বাচনে ৮১ সদস্যক আসনের মধ্যে JMM নেতৃত্বাধীন INDIA জোট ৫৬ টি আসনে জয়লাভ করে। অন্যদিকে BJP নেতৃত্বাধীন

NDA জোট নির্বাচনে ২৪ টি আসন পেয়েছিল ।

**************

**PM Surja Ghar Bijli Yojna :**

প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলি যোজনায় ২০২৭ সালের মধ্যে সরকারি সমস্ত দপ্তর সৌর বিদ্যুতের অন্তর্ভুক্ত করার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে কেন্দ্র ও রাজ্য সরকার। সেই সঙ্গে সরকারের লক্ষ্য দেশে এক কোটি বাড়িতে সৌর বিদ্যুৎ পৌঁছানোর। এখন পর্যন্ত রাজ্যে ৭৬টি বাড়িতে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনায় সৌর বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। তাছাড়া এখনো পর্যন্ত অনলাইনে ন্যাশনাল পোর্টালে রেজিস্ট্রেশন করেছেন ৯৯০৮ জন। তার মধ্যে আবেদনপত্র জমা পড়েছে ৯৯০টি। রাজ্যে বর্তমানে ১২টি সরকারি অফিসে সৌর বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে। রাজ্যে এই প্রকল্প রূপায়নের দায়িত্বে রয়েছে ত্রিপুরা বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড ও পুনর্নবীকরণ শক্তি উন্নয়ন সংস্থা। ত্রিপুরা বিদ্যুৎ উন্নয়ন নিগমের বাস্তুকার তথা পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনার স্টেট নোডাল অফিসার সুজাতা সরকার গতকাল আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানান। তিনি বলেন এই প্রকল্পে মূল উদ্দেশ্য হচ্ছে নিজেরাই নিজেদের বিদ্যুৎ উৎপাদন করে বিদ্যুৎ সাশ্রয়ের পাশাপাশি খরচ কমাতেও সচেষ্ট হবেন। যেভাবে জ্বালানি ফুরিয়ে যাচ্ছে, গ্যাস, কয়লা কমে যাচ্ছে, বায়ুতে কার্বনের পরিমাণ বাড়ছে, তার হাত থেকে জনগণকে রক্ষা করতে ২০২৪ সালের ১৩ই ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি কম খরচে মানুষের কাছে সৌর বিদ্যুৎ পৌঁছে দিতেই এই প্রকল্পের

সূচনা করেছিলেন। একজন ভোক্তার বাড়িতে তিন কিলো ওয়ার্টের সৌর বিদ্যুতের সংযোগে ব্যয় হয় এক লক্ষ আশি হাজার টাকা। তারমধ্যে ভর্তুকি রয়েছে ৮৫ হাজার ২২০ টাকা।

**************

**ICAR ORCHID :**

ন্যাশনাল রিসার্চ সেন্টার ফর অর্কিড সিকিম রাজ্যের হর্টিকালচার এন্ড সয়েল কনজারভেটিভ ডিপার্টমেন্ট এবং আই সি এ আর এন ই এইচ লেম্বুছড়ার যৌথ উদ্যোগে প্রজ্ঞা ভবনে অর্কিড চাষের উপর এক দিনের প্রশিক্ষণ শিবির ও গাছের চারা বিতরণ গতকাল অনুষ্ঠিত হয় অনুষ্ঠানের উদ্বোধন করেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ, উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, আইসিএআর দিল্লির প্রাক্তন ডেপুটি ডাইরেক্টর জেনারেল ডঃ এস পি সিং, হিমাচল প্রদেশে আই সি এ আর এর প্রাক্তন অধিকর্তা ড, বীরপাল সিং, পদ্মশ্রী সম্মানে ভূষিত অর্কিড বিশেষজ্ঞ অরুনাচল প্রদেশের স্টেট ফরেস্ট ইন্সটিটিউটশনের প্রাক্তন অধিকর্তা ড, নাগেশ্বর রাও, প্রমুখ । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী রতনলাল নাথ বলেন সরকারের লক্ষ্য হচ্ছে ঘরে ঘরে রোজগার , কৃষকদের আয় বৃদ্ধি, ও আত্মনির্ভর ত্রিপুরা গড়া। অর্কিড চাষের জন্য উপযুক্ত জলবায়ু ও মাটি এ রাজ্যে রয়েছে তাকে কাজে লাগাতে হবে। এছাড়া নতুন ফসল উৎপাদনের জন্য নতুন প্রযুক্তির ব্যবহারের জন্য তিনি কৃষকদের কাছে আহ্বান রাখেন । এক দিনের প্রশিক্ষণ শিবিরে ৩০০ জন কৃষকের হাতে চল্লিশটি করে মোট ১২০০০ অর্কিড জাতীয় ফুলের চারা তুলে দেওয়া হয়। এতে খরচ পরে 35 লাখ টাকা। শুধু গাছের চারা নয়, চাষের জন্য প্রয়োজনীয় সামগ্রীও কৃষকদের হাতে তুলে দেওয়া হয়

**************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা চব্বিশে ফেব্রুয়ারি এবং মাধ্যমিক পরীক্ষা পঁচিশ ফেব্রুয়ারি থেকে শুরু হবে। পর্ষদের সভাপতি ডঃ ধনঞ্জয়গণ চৌধুরী গতকাল  আকাশবাণীর প্রতিনিধিকে এ খবর জানান। তিনি জানান, উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার সম্পূর্ণ রুটিন আগামী মাসের মাঝামাঝি সময়ে প্রকাশ করার সম্ভাবনা রয়েছে।

* * * * * * * * * * * * * *

**BSF arm display :**

প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসেবে গতকাল  বিএসএফের সাব্রুম সীমান্ত ফাঁড়িতে অস্ত্র প্রদর্শন ও ডগ শো করা হয়েছে। বিএসএফের শালবাগান সদর দপ্তর জানিয়েছে, কেন্দ্রীয় বিদ্যালয় বগাফা এবং মনু বনকুলের ধম্ম দীপা ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের  এই অস্ত্র দেখানো হয়। বিএসএফ আরও জানায়, এই অনুষ্ঠানের উদ্দেশ্য ছিল দেশকে রক্ষায় বিএসএফের ভূমিকা সম্পর্কে সচেতন করা এবং তরুণ প্রজন্মের মধ্যে দেশপ্রেমের বোধ জাগানো।

* * * * * * * * * * * * * *

**Mushtaq Ali:**

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের তৃতীয় খেলাতেও ত্রিপুরা হেরে গেছে। গতকাল  ইন্দোরে অনুষ্ঠিত খেলায় গুজরাট ৮ উইকেটে রাজ্যদলকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৫৫ রান করে। জবাবে গুজরাট ১০ ওভার ২ বল-এ ২ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে। বিজয়ী গুজরাটের ওরভিল প্যাটেল ১১৩ রান করেন।

**********************

**Weather :**

আজ  আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল । তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের  সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫  ডিগ্রি সেলসিয়াস। বঙ্গোপসাগরে নিম্নচাপের ফলে সৃষ্ট সম্ভাব্য ঘূর্ণিঝড়ের কারণে রাজ্যে শীত পড়তে দেরি হচ্ছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা যায়।

***************

নিউজ ডেস্ক